দৈনিক খবর

তারিখ 25 JAN 1992
পৃষ্ঠা ২ কলাম ৩

০৭ ৬

# সন্ত্রাস মোকাবেলা করতে না পারলে ঢাকা বিশ্ববিদ্যালয় ধ্বংস হয়ে যাবেঃ ভিসি

। স্টাফ রিপোর্টার ।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, অধ্যাপক এম মনিরুজ্জামান মিঞা বলেছেন, সন্ত্রাসের কারণে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবস্থা প্রতিনিয়ত খারাপ হচ্ছে। এ অবস্থার মোকাবেলা করতে না পারলে বিশ্ববিদ্যালয় ধ্বংস হয়ে যাবে।

গতকাল শুক্রবার সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের প্রাক্তন ছাত্র-ছাত্রী পুনর্মিলনী অনুষ্ঠানে প্রধান অতিথির

শেষ পৃষ্ঠায় ৫ম কলামে

## সন্ত্রাস মোকাবেলা

প্রথম পৃষ্ঠার পর

ভাষণে তিনি এ কথা বলেন. সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপিকা হোসনে আরা'র সভাপতিত্বে অনুষ্ঠিত পুনর্মিলনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ওয়াকিল আহমেদ, অধ্যাপক আবু তাহের, অধ্যাপক এ কে আহমদ উল্লাহ, আকবর কবির চৌধুরী ও অধ্যাপক আ স ম আতিকুর রহমান।

দিনব্যাপী অনুষ্ঠানমালার মধ্যে ছিল সকাল সাড়ে ন'টায় উদ্বোধনী অনুষ্ঠান, আলোচনা, এলামনাই এসোসিয়েশন গঠন, স্মৃতিচারণমূলক অনুষ্ঠান ও বিকেলে সাংস্কৃতিক অনুষ্ঠান।

অধ্যাপক মনিরুজ্জামান মিঞা বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় সমাজ থেকে কোন বিচ্ছিন্ন দ্বীপ নয়। এখানে প্রতিনিয়তই সন্ত্রাসী ঘটনা ঘটছে, কিন্তু সন্ত্রাস দমনের জন্য কেউই আন্তরিকভাবে এগিয়ে আসছেন না। তিনি এজন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্র-ছাত্রীদের আন্তরিকভাবে এগিয়ে আসার আহবান জানান।

তিনি বলেন, সন্ত্রাসের কারণে বিশ্ববিদ্যালয় প্রতিবছর বিপুল পরিমাণ বিদেশী সাহায্য থেকে বঞ্চিত হয়। অনেকেই আমাদেরকে সাহায্য দিতে চায়- আবার তারা পিছিয়ে যায়। তিনি বলেন, সন্ত্রাস নামক ব্যাধি ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস থেকে দূর করা না গেলে ভবিষ্যত প্রজন্ম আমাদেরকে অভিশাপদেবে।

ডঃ ওয়াকিল আহমেদ বলেন, প্রাক্তন ছাত্র-ছাত্রীদের পুনর্মিলনীর মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের অতীত ও বর্তমানের সাথে একটা যোগসূত্র স্থাপিত হয়। তিনি বলেন, অতীত স্মৃতি রোমন্থনের দরকার আছে। কারণ আমাদেরকে অতীতের কাছ থেকে শিক্ষা গ্রহণ করে ভবিষ্যতের কর্মসূচী গ্রহণ করতে হবে।